# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

ফোন ঃ ৯৫৫৩৬৩৭; ই-মেইল ঃ dgmpd1@krishibank.org.bd


প্রশাসন (এইচআরএমডি-১) পরিপত্র নং-০৪/২০২১ তারিখঃ ১৩/০৯/২০২১ খ্রিঃ

**বিষয়ঃ** পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এবং এর সংশোধনীর আওতায় বিভিন্ন পদ্ধতিতে পণ্য/সেবা ক্রয়ের ক্ষেত্রে ব্যাংকের বিভিন্ন ক্রয়কারী কার্যালয়ের দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি পুনর্গঠন সংক্রান্ত বিষয়ে বিগত ০৯-১২-২০২০ খ্রিঃ তারিখে জারীকৃত (এইচআরএমডি-১) পরিপত্র নং-০৮/২০২০এর সংশোধনী আনয়ন প্রসংগে।

বর্ণিত বিষয়ে ২৮-০৯-২০২০ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৭৫তম সভার সিদ্ধান্ত মোতাবেক বিগত ০৯-১২-২০২০ তারিখে প্রশাসন (এইচআরএমডি-১) পরিপত্র নং- ০৮ /২০২০ জারী করা হয়।

০২। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১ এর প্রশাসন পরিপত্র নং-০৮/২০২০ এ কর্পোরেট শাখা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়-কে বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে ক্রয়কার্য সম্পন্ন করার নির্দেশনা ছিল বিধায় ইহাতে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের জন্য আলাদা কোন কমিটি রাখা হয়নি। ফলে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে শাখা সমূহের জন্য আসবাবপত্র এবং জরুরি প্রয়োজনীয় মুদ্রণ সামগ্রীর চাহিদাপত্র বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করা এবং বিভিন্ন কার্যালয়সমূহের চাহিদার পরিপ্রেক্ষিতে সামগ্রিকভাবে বাজার যাচাই কমিটি কর্তৃক বাজার যাচাই করে প্রধান কার্যালয়ের অনুমোদন গ্রহণপূর্বক ক্রয়কার্য সম্পন্ন করা সময়সাপেক্ষ ছিল। তাই অনুমোদিত স্ব-স্ব আর্থিক ক্ষমতার মধ্যে ক্রয়কার্য সম্পন্নের নিমিত্ত মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের আঞ্চলিক দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ এবং মূল্যায়ন কমিটির পুনর্গঠনের আবশ্যকতা রয়েছে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ কর্তৃক সংশ্লিষ্ট আঞ্চলিক কমিটির মাধ্যমে উল্লিখিত পণ্য ও সেবা ক্রয়কার্য সম্পন্ন হলে দ্রুততম সময়ে তা শাখা পর্যায়ে সরবরাহ করা সম্ভব হবে। সে প্রেক্ষিতে একটি কার্যপত্র বিগত ১০-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭৯২তম সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভায় ০৮/২০২০ নং প্রশাসন পরিপত্রের ১.০২ নং অনুচ্ছেদে বর্ণিত মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়-কে বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে ক্রয়কার্য সম্পন্ন করার প্রদত্ত নির্দেশনার একটি সংশোধন নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হয়।

**মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি ঃ**

| ক্রমিক নং | পূর্বের অনুমোদিত কমিটি (বিভাগীয় কার্যালয় কমিটি) | | | বর্তমান অনুমোদিত কমিটি (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কমিটি) | | |
|---|---|---|---|---|---|---|
| | ২৫.০০ লক্ষ টাকা পর্যন্ত পিপিআর এর সাথে সংগতি রেখে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় এবং কার্য ও ভৌত সেবা/পূর্ত সেবা ক্রয়ের ক্ষেত্রে | | | ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে | | |
| ০১ | সহকারী-মহাব্যবস্থাপক/ অবর্তমানে পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সভাপতি | সহকারী মহাব্যবস্থাপক/ উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় | সভাপতি |
| ০২ | সহকারী মহাব্যবস্থাপক/ অবর্তমানে পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা | বিভাগীয় নিরীক্ষা কার্যালয় | সদস্য | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা/ মুখ্য কর্মকর্তা | আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় | সদস্য |
| ০৩ | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা/ অবর্তমানে পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় | সদস্য সচিব |

চলমান পাতাঃ ০২

বিষয়ঃ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এবং এর সংশোধনীর আওতায় বিভিন্ন পদ্ধতিতে পণ্য/সেবা ক্রয়ের ক্ষেত্রে ব্যাংকের বিভিন্ন ক্রয়কারী কার্যালয়ের দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি পুনর্গঠন সংক্রান্ত বিষয়ে বিগত ০৯-১২-২০২০ খ্রিঃ তারিখে জারীকৃত (এইচআরএমডি-১) পরিপত্র নং-০৮/২০২০এর সংশোধনী আনয়ন প্রসংগে।

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি ঃ

| ক্রমিক নং | পূর্বের অনুমোদিত কমিটি (বিভাগীয় কার্যালয় কমিটি) | | | বর্তমান অনুমোদিত কমিটি (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কমিটি) | | |
|---|---|---|---|---|---|---|
| | ২৫.০০ লক্ষ টাকা পর্যন্ত পিপিআর এর সাথে সংগতি রেখে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয় এবং কার্য ও ভৌত সেবা/পূর্ত সেবা ক্রয়ের ক্ষেত্রে | | | ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে | | |
| ০১ | উপমহাব্যবস্থাপক/অবর্তমানে সংশ্লিষ্ট পদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সভাপতি | মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক | মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় | সভাপতি |
| ০২ | উপমহাব্যবস্থাপক/অবর্তমানে সংশ্লিষ্ট পদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | বিভাগীয় নিরীক্ষা কার্যালয় | সদস্য | আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা | আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় | সদস্য |
| ০৩ | সহকারী মহাব্যবস্থাপক/ অবর্তমানে পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব | সহকারী মহাব্যবস্থাপক/ উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা/ অবর্তমানে পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা | মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় | সদস্য সচিব |

০৩। এমতাবস্থায়, উক্ত নির্দেশনা ও নীতিমালার আওতায় সংশ্লিষ্ট কার্যালয়ের সকল দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠন ও কার্যক্রম যথাযথভাবে অনুসরণযোগ্য হবে এবং পরিপত্র নং-০৮/২০২০ এর বিদ্যমান অন্যান্য সকল কমিটি অপরিবর্তিত থাকবে।

০৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৮৭২৩৯

নং প্রকা/ এমপিডি/এইচআরএমডি-১(সেঃ-৩)-৮৬/২০২১-২০২২/০৫(১২০৫) তারিখঃ ১৩/০৯/২০২১ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। **পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো।**
৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
৮। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫১৬৫৫